গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন
বিপণন বিভাগ
www.bcic.gov.bd
বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নম্বর: ৩৬.০১.০০০০.২২৬.২৮.০০১.২০.১৮২৮ — তারিখ: ১৬ কার্তিক ১৪২৮ / ০১ নভেম্বর ২০২১

বিষয়ঃ "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর অনুচ্ছেদ ৯.৭ ও ৯.৮ অনুযায়ী ডিলার কর্তৃক পূর্ববর্তী মাসের উত্তোলনকৃত সারের প্রত্যয়ণ পত্র কারখানা ও বাফার গুদাম কর্তৃপক্ষের নিকট জমা সাপেক্ষে পবরর্তী মাসের সার সরবরাহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯" এর অনুচ্ছেদ ৯.৭ ও ৯.৮ এ নিম্নরুপ নির্দেশনা রয়েছেঃ

৯.৭ " সার স্ব স্ব এলাকায় পৌছানোর পরই ডিলারগণ সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে বা উপজেলা কৃষি কর্মকর্তার মনোনীত উপ-সহকারী কৃষি কর্মকর্তার নিকট সারের আগমনী বার্তা (Arrival Report) প্রদান করবেন এবং এর একটি অনুলিপি ইউনিয়ন ট্যাগ অফিসার বরাবরে প্রেরণ করবেন। উপজেলা কৃষি অফিসার/অতিরিক্ত কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার গুদাম পরিদর্শন পূর্বক ডিলার রেজিষ্টারে স্বাক্ষরসহ বিক্রয়ের অনুমতি প্রদান করবেন। ট্যাগ অফিসার সার বিতরণ কার্যক্রম পর্যবেক্ষণ করে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা কৃষি কর্মকর্তার নিকট প্রকিবেদন প্রদান করবেন।"

৯.৮ " ডিলারগণ পরবর্তী মাসের সার উত্তোলনের পূর্বেই পূর্ববর্তী মাসের উত্তোলনকৃত সার এলাকায় পৌছানো ও বিতরণ সংক্রান্ত উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ণ পত্র সংশ্লিষ্ট কারখানা/বাফার গুদাম কর্তৃপক্ষের নিকট জমা দিবেন। প্রত্যয়ণ পত্র জমা প্রদান করা না হলে পরবর্তী মাসের সার সরবরাহ বন্ধ থাকবে এবং এর জন্য এলাকায় সারের কোন সংকট সৃষ্টি হলে সংশ্লিষ্ট ডিলারগণ দায়ী থাকবেন। বিসিআইসি/কর্তৃপক্ষের নির্ধারিত তারিখের মধ্যে সারের মূল্য কারখানা/বাফার গাডাউনে জমা দিতে হবে।"

উপরোক্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরন ও বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

মোঃ মঞ্জুর রেজা
মহাব্যবস্থাপক (বিপণন)
বিপণন বিভাগ
ফোনঃ ৯৫৫৩০৬৮।
bcicmarketing@bcic.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক,
............................(সকল)।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) পরিচালক (বাণিজ্যিক), পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন।
২) ..................., ইনচার্জ বাফার গুদাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী,বনানী,বগুড়া ।
ই-মেইলঃ dddaebogra@gmail.com

স্মারক নং-৩০৭৫ (১২) — তারিখ ঃ ০৩/১১/২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

# সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা - ২০০৯

কৃষি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৩। উপজেলার মোট সার প্রাপ্তি, গুদামজাতকরণ ও বিতরণ কার্যক্রম বিষয়ক প্রতিবেদন (সময়সহ) প্রতি সপ্তাহান্তে ইউনিয়নসমূহ হতে প্রতিবেদন সংগ্রহপূর্বক জেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট প্রতিবেদন প্রেরণ করা।

১৪। সার সরবরাহ ও মজুদে কোন ইউনিয়নে ঘাটতির কোন সম্ভাবনা দেখা দিলে আন্তঃইউনিয়ন স্থানান্তরের মাধ্যমে পরিস্থিতি মোকাবেলা করা ।

১৫। উপজেলাস্থ ইউনিয়নসমূহের সারের চাহিদার মধ্যে উল্লেখ্যযোগ্য পার্থক্য থাকলে বছরের শুরুতেই মাসভিত্তিক (১২ মাসের) ইউনিয়ন সমূহের সারের চাহিদা বা চাহিদার অনুপাত নির্ধারণ করে দেয়া।

১৬। কৃষকদের নাগালের মধ্যে সার রাখার জন্য স্থানীয় অবস্থার প্রেক্ষিতে প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ বিষয়ে তাৎক্ষণিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করা।

১৭। কমিটির বীজ মনিটরিং সংক্রান্ত কার্যপরিধি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জারী করবেন।

৯। <u>সার উত্তোলনের পদ্ধতি</u>

৯.১ উপজেলায় নিয়োজিত সকল ডিলারকে সমানুপাতিক সার বরাদ্দ প্রদান করা হবে। ইউনিয়নসমূহের সারের চাহিদার পারস্পরিক উল্লেখযোগ্য ব্যবধান থাকলে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি সমগ্র বছরের মাসভিত্তিক বরাদ্দের অনুপাত নির্ধারণ করে দিতে পারবে। সাধারণভাবে সে অনুযায়ী উপজেলা কৃষি অফিস বরাদ্দ পত্র জারী করবে।

৯.২ সার সরবরাহকারী প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ/বেসরকারী আমদানিকারক সার সরবরাহের চালানের একটি অনুলিপি তাৎক্ষণিকভাবে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি/সদস্য-সচিবের নিকট প্রেরণ করবে।

৯.৩ যে কোন জেলায় সার পরিবহনের সুবিধার্থে নিকটতম কারখানা/বাফার গুদাম/মোকাম থেকে সার সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.৪ যে সমস্ত জেলায় বাফার গুদাম নেই, সেখানে সংশ্লিষ্ট বৃহত্তর জেলায় একটি করে নতুন বাফার গুদাম জেলা প্রশাসনের সহায়তায় বিসিআইসি বাফার গুদাম স্থাপন করবে। এ বাফার গুদাম থেকে ইউনিয়ন পর্যায়ে সার সরবরাহ করা হবে। কারখানায় উৎপাদিত ও আমদানিকৃত সার সরাসরি বাফার গুদামে গুদামজাত করতে হবে। তবে, বাফার গুদাম না হওয়া পর্যন্ত (নির্মাণ বা ভাড়ায়) ৯.৩ অনুচ্ছেদ অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।

৯.৫ ইউনিয়ন/পৌরসভার চাহিদা অনুসারে সারের প্রাপ্যতা নিশ্চিত করা এবং ডিলার ব্যতিত উত্তোলিত সার অন্য মধ্যস্বত্বভোগীদের নিয়ন্ত্রণে যাওয়ার বিষয়টি কঠোরভাবে রোধ করার জন্য ডিলারদের অনুকূলে বরাদ্দকৃত সার ডিলার নিজেই উত্তোলন করবেন অথবা তার প্রতিষ্ঠানের কর্মচারী/কর্মকর্তাদের মধ্য থেকে একজনকে উত্তোলনের ক্ষমতা প্রদান করবেন; সেক্ষেত্রে ডিলার উক্ত মনোনীত প্রতিনিধির ছবি প্রত্যয়নপূর্বক লিখিতভাবে এই উত্তোলনের ক্ষমতা প্রদান করবেন।

৯.৬ প্রত্যেক ডিলার তার অনুকূলে মাসিক বরাদ্দকৃত সার নির্ধারিত মূল্য জমা প্রদানপূর্বক সংশ্লিষ্ট কারখানা/ বাফার গুদাম/মোকাম হতে যথাসময়ে উত্তোলন করে স্ব স্ব ইউনিয়ন/পৌরসভায় পৌঁছানো নিশ্চিত করবেন।

৯.৭ সার স্ব স্ব এলাকায় পৌঁছানোর পরই ডিলারগণ সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে বা উপজেলা কৃষি কর্মকর্তার মনোনীত উপ-সহকারী কৃষি কর্মকর্তার নিকট সারের আগমনী বার্তা (Arrival Report) প্রদান করবেন এবং এর একটি অনুলিপি ইউনিয়ন ট্যাগ অফিসার বরাবরে প্রেরণ করবেন। উপজেলা কৃষি অফিসার/অতিরিক্ত কৃষি অফিসার/কৃষি সম্প্রসারণ অফিসার গুদাম পরিদর্শন পূর্বক ডিলার রেজিষ্টারে স্বাক্ষরসহ বিক্রয়ের অনুমতি প্রদান করবেন। ট্যাগ অফিসার সার বিতরণ কার্যক্রম পর্যবেক্ষণ করে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা কৃষি কর্মকর্তার নিকট প্রতিবেদন প্রদান করবেন।

৯.৮ ডিলারগণ পরবর্তী মাসের সার উত্তোলনের পূর্বেই পূর্ববর্তী মাসের উত্তোলনকৃত সার এলাকায় পৌঁছানো ও বিতরণ সংক্রান্ত উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কারখানা/বাফার গুদাম কর্তৃপক্ষের নিকট জমা দিবেন। প্রত্যয়ণপত্র জমা প্রদান করা না হলে পরবর্তী মাসের সার সরবরাহ বন্ধ থাকবে এবং এর জন্য এলাকায় সারের কোন সংকট সৃষ্টি হলে সংশ্লিষ্ট ডিলারগণ দায়ী থাকবেন। বিসিআইসি/কর্তৃপক্ষের নির্ধারিত তারিখের মধ্যে সারের মূল্য কারখানা/বাফার গোডাউনে জমা দিতে হবে।

৯.৯ প্রাপ্যতা থাকা সাপেক্ষে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান/সংস্থাকে প্রাতিষ্ঠানিক কোটার ইউরিয়া, টিএসপি, ডিএপি ইত্যাদি সার বিসিআইসি সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে সরবরাহ করবে।

৯.১০ ইউনিয়ন/পৌরসভার ডিলারশিপের মালিকের মৃত্যুজনিত অথবা অন্য কোন কারণে ডিলারশীপ শূন্য হলে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশের ভিত্তিতে সাময়িকভাবে একই উপজেলাধীন পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভার ডিলারকে ঐ ইউনিয়ন/পৌরসভার বরাদ্দকৃত সার উত্তোলন ও বিতরণের ক্ষমতা প্রদান করা যেতে পারে।

৯.১১ খুচরা বিক্রেতা সাধারণভাবে সংশ্লিষ্ট ইউনিয়নের জন্য নির্ধারিত ডিলারের কাছ থেকে সার ক্রয় করবেন। তবে ঐ ডিলারের কাছে পর্যাপ্ত সার মজুদ না থাকলে তাঁর অনুকূলে ইস্যুকৃত আইডি কার্ডের মাধ্যমে উপজেলার অন্য যে কোন ডিলারের কাছ থেকে সার ক্রয় করতে পারবেন।

১০। <u>খুচরা বিক্রেতা নির্বাচন প্রক্রিয়াঃ</u>

১০.১ খুচরা সার বিক্রয়ের জন্য উপজেলা কৃষি অফিস থেকে একটি আইডি কার্ড সংগ্রহ করতে হবে।

১০.২ আইডি কার্ড সংগ্রহের জন্য বিক্রয় কেন্দ্রের অবস্থান ও প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক এবং দুই কপি স্ট্যাম্প আকৃতির ছবিসহ "সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি" বরাবর আবেদন পত্র উপজেলা কৃষি অফিসে জমা প্রদান করতে হবে।

১০.৩ আইডি কার্ডের জন্য নির্ধারিত ফি ২০০ টাকা পরিশোধ করতে হবে। উক্ত ফি'র অর্থ সরকারী কোষাগারে জমা হবে।

১০.৪ উপজেলা কৃষি অফিস খুচরা সার বিক্রেতা হতে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে প্রাপ্ত আবেদন পত্রগুলি যাচাই-বাছায়ের জন্য এ সংক্রান্ত কমিটির সভাপতি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর প্রেরণ করবে।

১০.৫ খুচরা বিক্রেতা যাচাই বাছাইয়ের জন্য প্রতিটি ইউনিয়নে নিম্নবর্ণিত ভাবে একটি "খুচরা সার বিক্রেতা বাছাই কমিটি" গঠিত হবেঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান | | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণ | | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট ইউনিয়নের ২ জন গণ্যমাণ্য ব্যক্তি | উপজেলার মাননীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট ইউনিয়নের ১জন ইমাম | | সদস্য |
| ৫. | সংশ্লিষ্ট ইউনিয়নে অবস্থিত সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ১ জন প্রধান শিক্ষক (যদি মাধ্যমিক বিদ্যালয় না থাকে সেক্ষেত্রে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক) | | সদস্য |
| ৬. | সংশ্লিষ্ট ইউনিয়নের ১জন উপ-সহকারী কৃষি কর্মকর্তা (উপজেলা কৃষি অফিসার কর্তৃক মনোনীত) | | সদস্য |

- ইউনিয়ন পরিষদের সচিব এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবেন।

<u>কমিটির কার্যপরিধিঃ</u>

১। উপজেলা কৃষি অফিস থেকে প্রাপ্ত খুচরা সার বিক্রেতা হতে আগ্রহী ব্যক্তিবর্গের আবেদন যাচাই-বাছাই করা।

২। প্রয়োজনীয় সংখ্যক খুচরা সার বিক্রেতা নির্বাচন এবং তাদের অনুকূলে খুচরা সার বিক্রয়ের আইডি কার্ড ইস্যুর জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট সুপারিশ পেশ করা।